

নম্বর ০৪.০০.০০০০.৪১১.১১.০০২.২৩. ২২৭

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩১
১৬ এপ্রিল ২০২৪

নিয়োগপত্র

“তোশাখানা ইউনিটের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯” অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের রাজস্বখাতভুক্ত তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘর-এর ‘অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক’ পদে ১৬তম গ্রেডে ৯,৩০০-২২,৪৯০/- টাকার বেতনস্কেলে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) নিম্নোক্ত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নম্বর	প্রার্থীর রোল নম্বর	নাম, পিতা/স্বামী ও মাতার নাম	ঠিকানা
১	19000949	আব্দুল্লাহ আল মামুন পিতা: জালাল উদ্দিন মাতা: মেহেরুন নাহার	গ্রাম: পাঁচগাঁও (পশ্চিম ফটিয়াকান্দী), ডাকঘর: পাঁচগাঁও উপজেলা: নালিতাবাড়ী, জেলা: শেরপুর

নিয়োগের শর্তাবলি:

- ক. যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।
- খ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান ঘটাতে পারবেন।
- গ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে কোনো প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ঘ. নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় শারীরিক যোগ্যতা সম্পর্কে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র ও ‘ডোপ টেস্ট’ সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও ডোপ টেস্ট প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ঙ. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নির্ধারিত হবে।
- চ. চাকরিতে যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০২। উপরিউক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৮-০৪-২০২৪ তারিখ থেকে ০২-০৫-২০২৪ তারিখের (কর্মদিবসে) মধ্যে যুগ্মসচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

স্বাঃ

(লুবনা সিদ্দিকী)

যুগ্মসচিব

ফোন: ৯৫১৪৯৯৫


ই-মেইল establishment_sec@cabinet.gov.bd

নম্বর ০৪.০০.০০০০.৪১১.১১.০০২.২৩. ২২৭(৩৪)

তারিখ:-----
০৩ বৈশাখ ১৪৩১
১৬ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৫। অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৭। যুগ্মসচিব (ই-গভর্নেন্স), মন্ত্রিপরিষদ বিভাগ (নিয়োগপত্রটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। যুগ্মসচিব (পরিকল্পনা ও বাজেট), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৯। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (যুগ্মসচিব)।
- ১০। সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব (উপসচিব)।
- ১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মন্ত্রিপরিষদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ১৩। জনাব/মিজ.....।
- ১৪। অফিস কপি/মাস্টার কপি/ব্যক্তিগত নথি/সার্ভিস বহি কপি।


 ১৬.০৪.২০২৪
 (লুবনা সিদ্দিকী)
 যুগ্মসচিব